তারিখ 01 FEB 1992
পৃষ্ঠা ১৭ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# রাকসু নির্বাচন ।। ছাত্র ও শিক্ষকরা পুনঃভর্তির বিরোধী

হুমায়ুন কবির বুলবুল : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র-ছাত্রীরা রাকসু নির্বাচন উপলক্ষে ছাত্র নেতাদের পুনঃভর্তি সমর্থন করে না। পাঁচশত ছাত্র-ছাত্রীর মধ্যে পরিচালিত এক জরিপে এই তথ্য জানা গিয়াছে। জরিপে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের শত-করা ৯৬ দশমিক ৮ জন রাকসু নির্বাচনের পূর্বশর্ত হিসাবে ছাত্র-নেতাদের পুনরায় বিশ্ববিদ্যালয়ে

( ২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## পুনঃ ভর্তি

(শেষ পৃঃ পর)

ভর্তির বিরোধী। মাত্র ৩ দশমিক ২ ভাগ ছাত্র ছাত্রী পুনঃভর্তি সমর্থন করে। ৯৭ দশমিক ৬ ভাগ ছাত্র-ছাত্রীর মতে ছাত্র নেতাদের পুনঃভর্তি ক্যাম্পাসের মৌলিক সমস্যা সমাধানের জন্য সহায়ক নয়। ৯৬ দশমিক ৮ ভাগ ছাত্র-ছাত্রীর বক্তব্য : ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য ছাত্র নেতাদের পুনঃভর্তির প্রয়োজন নাই।

৯৪ দশমিক ৪ ভাগ ছাত্র-ছাত্রীর মতে, পুনঃভর্তির সংগে ছাত্র নেতাদের ব্যক্তিগত স্বাথ জড়িত থাকে। ইহার সংগে ছাত্রসমাজের বৃহত্তর কোন স্বার্থ থাকে না। বার বার পুনঃভর্তি ক্যাম্পাসে সন্ত্রাসকে উৎসাহিত করে বলিয়া শতকরা ৯৪ জন ছাত্র-ছাত্রী অভিমত ব্যক্ত করিয়াছে।

শতকরা ৮৯ দশমিক ৬ ভাগ ছাত্র-ছাত্রী আগামী ২৫শে ফেব্রুয়ারী রাকসু নির্বাচনের সময় নির্ধারণকে সঠিক বলিয়া মনে করে। শতকরা ৯৬ দশমিক ৪ জন গণতান্ত্রিক প্রক্রিয়াকে অব্যাহত রাখার স্বার্থে প্রতি বৎসর নিয়মিত রাকসু ও হল সংসদের নির্বাচন অনুষ্ঠান করা উচিত বলিয়া মনে করে।

জরিপে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের অনেকেই পুনঃভর্তিরোধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক দৃঢ় পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়-তার কথা উল্লেখ করিয়াছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণও পুনঃভর্তিকে সমর্থন করেন না। শিক্ষক সমিতির সাধারণ সভায় পুনঃভর্তি রোধকল্পে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। শিক্ষক সমিতির সভায় কোন কোন শিক্ষক উল্লেখ করেন যে, বার বার পুনঃভর্তির ফলে ক্যাম্পাসে ছাত্র-নেতাদের কোটারী স্বার্থের সৃষ্টি হয়। আর এই স্বার্থচরিতার্থ করিতে গেলে অনেক ক্ষেত্রেই সন্ত্রাসী কর্মকাণ্ড সংঘটিত হয়। শিক্ষক সমিতির এই সিদ্ধান্ত বিশ্ব-বিদ্যালয় কর্তৃপক্ষকে জানাইয়া দেওয়া হইয়াছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নবনির্বাচিত সভাপতি প্রফেসর এম শামসুর রহমান জানান, ব্যক্তিগতভাবে আমি পুনঃভর্তিকে সমর্থন করি না। ক্যাম্পাসে নূতন নেতৃত্ব সৃষ্টির প্রয়োজনে পুনঃভর্তি বন্ধ হওয়ার আশু প্রয়োজন।